# বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড পশ্চিম বাংলামোটর, ঢাকা
E-mail: info@pcb.gov.bd, Web: www.pcb.gov.bd

স্মারক নং: পিসিবি/২০২৫-৫৯১

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১২ মে ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের শূন্য পদের বিপরীতে স্থায়ী ভিত্তিতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে নিম্নোক্ত বেতন গ্রেডে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (**http://pcb.teletalk.com.bd**) আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | সহকারী পরিচালক<br>(গ্রেড-৯)<br>বেতনস্কেল: ২২,০০০-৫৩,০৬০/- | ০৬<br>(ছয়)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যাচেলর অব ফার্মেসি (বি. ফার্ম) বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ প্রাপ্ত এবং<br>(খ) বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল হতে 'এ' ক্যাটাগরিতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত। |
| ২. | সহকারী পরিচালক (আইটি)<br>(গ্রেড-৯)<br>বেতনস্কেল: ২২,০০০-৫৩,০৬০/- | ০২<br>(দুই)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রোগ্রামিং-এর জন্য অবশ্যই Standard Aptitude Test (SAT) এ উত্তীর্ণ হতে হবে এবং<br>(গ) যেকোন স্বীকৃত পেশাভিত্তিক কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য (Associate Membership) হতে হবে। |
| ৩. | সহকারী ক্রয় কর্মকর্তা<br>(গ্রেড-১০)<br>বেতনস্কেল ১৬০০০-৩৮৬৪০/- | ০১<br>(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৪. | নিরীক্ষক<br>(গ্রেড-১০)<br>বেতনস্কেল ১৬০০০-৩৮৬৪০/- | ০১<br>(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের যেকোন বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৫. | ভান্ডার রক্ষক<br>(গ্রেড-১৩)<br>বেতনস্কেল ১১০০০-২৬৫৯০/- | ০১<br>(এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৬. | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল ৯,৩০০-২২,৪৯০/- | ০৫<br>(পাঁচ)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ (বিশ) শব্দ এবং ইংরেজিতে ২০ (বিশ) শব্দের গতিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৭. | গাড়িচালক<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল ৯,৩০০-২২,৪৯০/- | ০১<br>(এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় ০৩ (তিন) বছরের চাকরির সন্তোষজনক অভিজ্ঞতা। যানবাহন সংক্রান্ত কারিগরি দক্ষতাসম্পন্ন চালকদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৮. | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>বেতনস্কেল ৮,২৫০-২০,০১০/- | ০৩<br>(তিন)টি | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯. | পরিচ্ছন্নতা কর্মী<br>(গ্রেড-২০)<br>বেতনস্কেল ৮,২৫০-২০,০১০/- | ০১<br>(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলীঃ

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। প্রার্থীর বয়সসীমা (২০.০৫.২০২৫ তারিখে):

(ক) প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর।

(খ) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। আবেদন ফরমে (Applicant's Copy) সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ নেই।

০৩। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলে ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২.০৬.২০০৯ ও ০২.০৩.২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/-১(অংশ)৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবে:

(১) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণী/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| সিজিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| সিজিপিএ ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ |

০৪। সকল পদের পরীক্ষা একই তারিখে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা থাকায় আবেদনকারীকে একাধিক পদে আবেদন না করার পরামর্শ দেওয়া হলো।

০৫। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (ক্রমিক নং ২, ৬ ও ৭ এ বর্ণিত পদের জন্য প্রযোজ্য) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বলে বিবেচিত হবেন।

০৬। লিখিত পরীক্ষার সময় ছবিযুক্ত মূল প্রবেশপত্র সাথে আনতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূল কাগজপত্র প্রদর্শনপূর্বক সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ, 'এ' ক্যাটাগরি রেজিস্ট্রেশন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), পূরণকৃত Applicant's Copy, ছবিযুক্ত মূল প্রবেশপত্রসহ সকল কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণি গেজেটেড কর্মকর্তা কর্তৃক) এবং সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি দাখিল করতে হবে। এছাড়া, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

০৭। আবেদনকারী বীরমুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা অথবা বীরাঙ্গানার পুত্র/কন্যা হলে প্রমাণক হিসেবে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীরমুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।

০৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম যোগ্যতার সাথে অসমাঞ্জস্যপূর্ণ তথ্য প্রদান করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

১০। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য অযোগ্য বিবেচিত হবেন।

১১। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

১২। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৩। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এতদ্‌সংক্রান্ত বিধি-বিধান কোনরূপ সংশোধন করা হলে তা অনুসরণ করা হবে।

১৫। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের ওয়েবসাইটে (www.pcb.gov.bd) প্রকাশ করা হবে। আবেদন ফরম, নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.pcb.gov.bd) ওয়েবসাইট হতে জানা যাবে।

১৬। যেকোনো তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কোন প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://pcb.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান **শুরুর তারিখ ও সময়: ২০ মে, ২০২৫ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ টা।**

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের **শেষ তারিখ ও সময় ১৯ জুন ২০২৫ খ্রিস্টাব্দ বিকাল-০৫:০০ ঘটিকা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে sms এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি ও স্বাক্ষর upload করে আবেদন Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সম্প্রতি তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১, ২ , ৩ ও ৪ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/-টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা,** ৫ , ৬ ও ৭ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/-টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ১১২/- (একশত বারো) টাকা** এবং ৮ ও ৯ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/-টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা** অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে, সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/-টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা** অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

**প্রথম SMS:** PCB<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : **PCB ABCDEF & send to 16222**

**Reply:** Applicant's Name, TK-223/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PCB <Space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **PCB**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **PCB Yes 12345678**

**Reply:** Congratulations! Applicant's Name, Payment completed successfully for PCB Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://pcb.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ছ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**(i) User ID জানা থাকলে:**

**PCB**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example : **PCB Help User ABCDEF** & Send to 16222.

**(ii) PIN Number জানা থাকলে:**

**PCB**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example : **PCB Help PIN 12345678** & Send to 16222.

(জ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের ওয়েবসাইট www.pcb.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এ সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.pcb.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা info@pcb.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: PCB, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

বি.দ্র.: অনলাইনে আবেদন এবং টাকা জমা দেয়ার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল এর টেলিটক পোর্টালের QR Code

০২.০৫.২৫
(মুহাম্মদ মাহবুবুল হক)
সচিব
বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল